# আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ মহান আল্লাহর বিশেষণ, তাকদীর ইত্যাদি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ১. তুলনাকারী মুশাবিবহা-মুজাস্সিমা মতবাদ

মুশাবিবহা অর্থ তুলনাকারী এবং মুজাস্সিমা অর্থ দেহে বিশ্বাসী। এ মতবাদের অনুসারীগণ মহান আল্লাহর বিশেষণ ও কর্ম মানুষেরই মত এবং তিনি মানুষের মত দেহধারী বলে বিশ্বাস করত। সাবাইয়া, বায়ানিয়্যা, মুগীরিয়্যাহ, হিশামিয়্যা ইত্যাদি শীয়া রাফিযী ফিরকার মানুষেরা এরূপ বিশ্বাস করতেন। প্রসিদ্ধ মুফাস্সির আবুল হাসান মুকাতিল ইবন সুলাইমান বালখী (১৫০ হি) এ মতের প্রচারক ছিলেন।[1]

### ফুটনোট

[1] বাগদাদী, আল-ফারকু বাইনাল ফিরাক, পৃ. ২১৪-২১৬; যাহাবী, সিয়ারু আলামিন নুবালা ৭/২০১-২২২।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7146

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন